B.A. 1st Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-I

সময় : ৩ ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। *যে-কোনো দশটি* প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও : ২×১০=২০

(ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কোথা থেকে আবিষ্কৃত হয়? বড়াই চরিত্রটির পরিচয় দাও।

(খ) মালাধর বসু ভাগবতের কোন অংশের অনুবাদ করেন? তাঁর কাব্যের পর্যায়গুলি কী কী?

(গ) বাংলায় মহাভারত কে প্রথম অনুবাদ করেন? তিনি মহাভারতের কতটা অংশ অনুবাদ করেন?

(ঘ) কাকে, কেন দ্বিতীয় বিদ্যাপতি বলা হয়?

(ঙ) চণ্ডীমঙ্গল কাব্যধারার আদিকবি কে? তাঁর রচিত কাব্যের নাম কী?

(চ) 'ময়মনসিংহ গীতিকা'র পালাগুলির সংগ্রাহক কে? প্রথম পালাটির নাম লেখো।

(ছ) 'রাজকন্টের মণিমালা' বলা হয়েছে কোন কাব্যকে? কাব্যটি কোন রাজার পৃষ্ঠপোষকতায় রচিত হয়?

(জ) শাক্তকবি রামপ্রসাদ সেনের জন্মস্থান কোথায়? তিনি কোন পর্যায়ের পদ রচনায় খ্যাতি অর্জন করেন?

(ঝ) হরপ্রসাদ শাস্ত্রী সম্পাদিত চর্যাগীতির সংকলন-গ্রন্থটি কী নামে কত সালে প্রকাশিত হয়?

(ঞ) বৃন্দাবনের ষড়-গোস্বামী কারা?

(ট) চৈতন্যদেব কত বছর বয়সে সন্ন্যাস গ্রহণ করেন? তখন তাঁর নাম কী হয়?

(ঠ) বাংলায় রচিত প্রথম চৈতন্য-জীবনী গ্রন্থ কোনটি? গ্রন্থটির প্রথম নাম কী ছিল?

(ড) মঙ্গলকাব্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঢ) শিবমঙ্গলের পালা কতদিন ধরে গাওয়া হত? প্রথম ও শেষ পালার নাম কী?

(ণ) মনসামঙ্গল কাব্যের আদি কবি কে? কার রচিত মনসামঙ্গল প্রথম মুদ্রিত হয়?

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের নামকরণ বিতর্ক নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

(খ) কৃষ্ণদাস কবিরাজ রচিত চৈতন্যজীবনীগ্রন্থের নাম কী? গ্রন্থটির বিশেষত্ব আলোচনা করো। ১+৪=৫

(গ) মনসামঙ্গল কাব্যের একজন পূর্ববঙ্গীয় কবির নাম লেখো। মনসামঙ্গলের যে কোনো একজন কবির কবি-প্রতিভার পরিচয় দাও। ১+৪=৫

(ঘ) ধর্মমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের বিশেষত্বগুলি সংক্ষেপে উল্লেখ করো। ১+৪=৫

(ঙ) মালাধর বসুর ভাগবত অনুবাদের বিশেষত্ব আলোচনা করো। ৫

(চ) লালন ফকিরের বাউল গানের অন্তর্নিহিত জীবনবোধ সম্পর্কে আলোচনা করো। ৫

Scanned by SelfScan

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) চর্যাপদের আদি কবি কে? চর্যাপদের সংস্কৃত টীকাগ্রন্থের নাম লেখো। চর্যাপদে বর্ণিত তৎকালীন সমাজজীবনের পরিচয় দাও। ১+১+৮=১০

(খ) অনুসারী সাহিত্য কথাটির অর্থ লেখো। কৃত্তিবাসী রামায়ণের জনপ্রিয়তার কারণ নির্দেশ করো। ১+৯=১০

(গ) কাকে, কেন মৈথিলী কোকিল বলা হয়? তাঁর কবি-প্রতিভার পরিচয় দাও। ২+৮=১০

(ঘ) সপ্তদশ শতকে আরাকান রাজসভার দুজন কবির নাম লেখো এবং যে-কোনো একজন কবির কবি-প্রতিভার পরিচয় দাও। ২+৮=১০

———

Scanned by SelfScan

B.A. 1st Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-II

সময় : ৩ ঘণ্টা　　　　পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও :　　২×১০=২০

(ক) মিশ্রবৃত্ত ছন্দে রুদ্ধদল কত মাত্রা পায়?

(খ) মাত্রার সংজ্ঞা লেখো।

(গ) প্রবোধচন্দ্র সেনের দুটি ছন্দের বইয়ের নাম লেখো।

(ঘ) একটি পর্বান্তিক মিলের উদাহরণ দাও।

(ঙ) অন্ত্যধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।

(চ) অমূল্যধন মুখোপাধ্যায় 'চরণ' বলতে কী বুঝিয়েছেন?

(ছ) প্রত্নকলাবৃত্ত ছন্দে মুক্তদল কত মাত্রা পায়?

(জ) ছন্দ কাকে বলে?

(ঝ) উৎপ্রেক্ষা অলংকার কয়প্রকার ও কী কী?

(ঞ) শ্লেষ বক্রোক্তি অলংকার কাকে বলে?

(ট) ব্যাজস্তুতি অলংকারের একটি উদাহরণ দাও।

(ঠ) বিষম অলংকারের দুটি বৈশিষ্ট্য লেখো।

(ড) সাঙ্গরূপক অলংকারের একটি উদাহরণ দাও।

(ঢ) মধ্যযমকের একটি উদাহরণ দাও।

(ণ) পূর্ণোপমা অলংকারের একটি উদাহরণ দাও।

২। 'ক' ও 'খ' — প্রতিটি বিভাগ থেকে দুটি করে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও :　　৫×৪=২০

(ক) *যে-কোনো দুটি* কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো :　　৫×২=১০

(অ) দিদি আসুন ময়দা ঠাসুন আজকে রবিবার
মোহনভোগের সঙ্গে লুচি জমবে চমৎকার।

(আ) দুন্দুভি বেজে ওঠে ডিমডিম রবে
সাঁওতালপল্লীতে উৎসব হবে।

(ই) কহিলাম, "ওগো রাণী
কত কবি এল চরণে তোমার উপহার দিল আনি।
এসেছি শুনিয়া তাই,
উষার দুয়ারে পাখির মতন গান গেয়ে চলে যাই।"

Scanned by SelfScan

(খ) *যে-কোনো দুটি* রচনাংশের অলংকার নির্ণয় করো : ৫×২=১০

(অ) পালিবে যে রাজধর্ম জেনো তাহা মোর কর্ম
রাজ্য লয়ে রবে রাজ্যহীন।

(আ) কলকল্লোলে লাজ দিল আজ
নারীকণ্ঠের কাকলি।

(ই) পড়ুক দুফোঁটা অশ্রু জগতের 'পরে
যেন দুটি বাল্মীকির শ্লোক।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) উদাহরণসহ দলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। রবীন্দ্রনাথ কী কারণে এই ছন্দের কী নামকরণ করেছিলেন? ৮+২=১০

অথবা

প্রবহমান পয়ার কাকে বলে? উদাহরণসহ প্রবহমান পয়ারের বৈশিষ্ট্যগুলি লেখো। ২+৮=১০

(খ) একটি করে উদাহরণ বিশ্লেষণ করে অপহ্নুতি, সন্দেহ, নিশ্চয় ও ভ্রান্তিমান অলংকারের পরিচয় দাও। ২½×৪=১০

অথবা

শব্দালংকার ও অর্থালংকারের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও। দৃষ্টান্ত অলংকারের সংজ্ঞা দাও। ৮+২=১০

———

Scanned by SelfScan

B.A. 1st Semester (Honours) Examination, 2020 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course : CC-I

দক্ষিণপ্রান্তস্থ মান পূর্ণমানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় : তিন ঘন্টা **পূর্ণ মান : ৬০**

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১. যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দাও : **৬X৫=৩০**

ক) চর্যাপদের আবিষ্কার, প্রকাশ এবং নামকরণ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

খ) 'পরাগলী মহাভারত' এর রচয়িতা কে? নামসহ বিজয় গুপ্তের কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) কাকে, কেন 'দ্বিতীয় বিদ্যাপতি' বলা হয় উদাহরণসহ বুঝিয়ে দাও।

ঘ) 'আগমনী' ও 'বিজয়া'র গান রচনায় কমলাকান্তের কৃতিত্ব আলোচনা করো।

ঙ) শ্রেষ্ঠ মহাভারত অনুবাদক কে? তাঁর কাব্য বৈশিষ্ট্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

চ) নাথসাহিত্যের বৃত্তদুটির নাম বলো। যে কোনও একটি বৃত্তের কাহিনি সংক্ষেপে লেখো।

ছ) শিবায়ন কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যটির শ্রেষ্ঠত্ব কোথায় তা আলোচনা করো।

জ) 'ময়মনসিংহ গীতিকা' কবে, কোথা থেকে প্রকাশিত হয়? এই গীতিকা সংকলনের অন্তর্ভুক্ত যে- কোনও একটির কাহিনি সংক্ষেপে লেখো।

২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : **৩X১০=৩০**

ক) কে, কবে, কোথা থেকে 'শ্রীকৃষ্ণকীর্তন' পুথি আবিষ্কার করেন? বাংলা সাহিত্যের ইতিহাসে কাব্যটির গুরুত্ব নিরূপণ করো।

খ) 'মঙ্গলকাব্য' কী? 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবির শ্রেষ্ঠত্ব বিচার করো।

গ) মহাজনকবি চণ্ডীদাসের কবি প্রতিভার পরিচয় দাও। তাঁর আবির্ভাবকালটি লেখো।

ঘ) শ্রীচৈতন্যদেবের আবির্ভাবকালটি লেখো। বৃন্দাবনদাস রচিত চৈতন্যজীবনীকাব্যটির গুরুত্ব আলোচনা করো।

ঙ) ভারতচন্দ্রের পৃষ্ঠপোষক রাজার নাম বলো। তিনি কী উপাধি লাভ করেছিলেন? তাঁর কাব্যের কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য তাঁকে 'যুগসন্ধির কবি' বলা হয় তা আলোচনা করো।

B.A. 1st Semester (Honours) Examination, 2020 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course: CC-II

দক্ষিণপ্রান্তস্থ মান পূর্ণমানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় : তিন ঘন্টা **পূর্ণ মান : ৬০**

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১. যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দাও : **৬X৫=৩০**

ক) 'যতি' কাকে বলে, যতি চিহ্ন কেন ব্যবহার করা হয় উদাহরণসহ বুঝিয়ে দাও।

খ) পর্ব ও পর্বাঙ্গ-এর মধ্যে পার্থক্য উদাহরণসহ লেখো।

গ) মাত্রা কাকে বলে তা কতপ্রকার হতে পারে উদাহরণসহ দেখাও।

ঘ) উদাহরণসহ পয়ারের বৈচিত্র্য আলোচনা করো।

ঙ) শ্লেষ অলংকার কাকে বলে যথোপযুক্ত উদাহরণসহ বুঝিয়ে দাও।

চ) উৎপ্রেক্ষা-র সংজ্ঞা দাও, উদাহরণসহ এই অলংকারটির বৈশিষ্ট্য বুঝিয়ে দাও।

ছ) "ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান।"—পংক্তিটির অলংকার নির্ণয় করো।

জ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।"

২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : **৩X১০=৩০**

ক) উদাহরণসহ অক্ষরবৃত্ত বা মিশ্রকলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো।

খ) উদাহরণসহ স্বরবৃত্ত বা দলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো।

গ) রূপক অলংকারের সংজ্ঞা দাও, এর প্রকারভেদ উদাহরণসহ বুঝিয়ে দাও।

ঘ) অনুপ্রাস অলংকারের সংজ্ঞা দাও এবং উদাহরণসহ এর আলোচনা করো।

ঙ) উদাহরণসহ অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো।

B.A. 1st Semester (Honours) Examination 2021 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course: CC-1

দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় : তিন ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৬০

উত্তর সর্বাধিক পনেরো পাতার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। যে-কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও:　　　　　　　　　　　　৬ x ৫ = ৩০

ক) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়? কাব্যটির ঐতিহাসিক মূল্য সংক্ষেপে লেখো।

খ) মালাধর বসুর অনুবাদ কাব্যটির নাম লেখো। কাব্যটির সাহিত্যমূল্য সংক্ষেপে লেখো।

গ) মঙ্গলকাব্য কাকে বলে? মঙ্গলকাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

ঘ) বাংলা সাহিত্যে শ্রীচৈতন্যদেবের প্রভাব কতখানি তা সংক্ষেপে ব্যক্ত করো।

ঙ) বৈষ্ণব পদসাহিত্যে কবি জ্ঞানদাসের কাব্যপ্রতিভার পরিচয় দাও।

চ) বাংলা সাহিত্যে কবি দৌলত কাজির কবিপ্রতিভার পরিচয় দাও।

ছ) ধর্মমঙ্গল কাব্যকে ‘রাঢ়ের জাতীয় কাব্য’ বলা হয় কেন আলোচনা করো।

জ) বাউলসাধক লালন ফকিরের পরিচয় দাও। লালনের গান প্রথম কে, কোথায় মুদ্রিতরূপে প্রকাশ করেন?

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও:　　　　　　　　　　　　৩ x ১০ = ৩০

ক) চর্যাপদের সাহিত্য আবেদন বিচার করো।

খ) বাংলা ভাষায় রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর অনুবাদ কাব্যটির নাম কী? ঐ কাব্যের জনপ্রিয়তার কারণগুলি বিশ্লেষণ করো।

গ) কৃষ্ণদাস কবিরাজ রচিত ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের বিশেষত্ব আলোচনা করো।

ঘ) ‘মৈথিল কোকিল’ কাকে কেন বলা হয়? তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও।

ঙ) শাক্তপদাবলি ধারার কবি রামপ্রসাদ সেনের অবদান আলোচনা করো।

B.A. 1st Semester (Honours) Examination, 2021 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course – CC-2

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় - তিন ঘণ্টা **পূর্ণ মান -৬০**

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও । **৬X৫=৩০**

ক) মিশ্রকলাবৃত্ত বা তানপ্রধান বা অক্ষরবৃত্ত রীতিতে মাত্রাগণনার পদ্ধতি উদাহরণসহ লেখো।

খ) দলবৃত্ত ছন্দের অপর নাম শ্বাসাঘাতপ্রধান ছন্দ হল কেন?

গ) সমিল মুক্তক ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

ঘ) ছেদ ও যতির পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও।

ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

“ভালোমন্দ দুঃখসুখ অন্ধকার আলো
মনে হয় সব নিয়ে এ ধরণী ভালো ”

চ) অলংকার নির্ণয় করো : “কলকল্লোলে লাজ দিল আজ নারীকণ্ঠের কাকলি”

ছ) উদাহরণসহ সমাসোক্তি অলংকারের সংজ্ঞা দাও।

জ) উদাহরণসহ বিরোধাভাস অলংকারের সংজ্ঞা দাও।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও । **৩X১০=৩০**

ক) উদাহরণসহ সরলকলাবৃত্ত বা মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো।

খ) উদাহরণসহ গদ্যছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো।

গ) উপমা অলংকারের সংজ্ঞা ও প্রকারভেদ উদাহরণ দিয়ে বোঝাও।

ঘ) উদাহরণসহ মুক্তবন্ধ ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো।

ঙ) **নিশ্চয়** অলংকারের সঙ্গে **অপহ্নুতি** অলংকার ও **সন্দেহ** অলংকারের পার্থক্য আলোচনা করো ।